

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

০২ জানুয়ারী ২০১৭

এথেন্সে প্রবাসী বাংলাদেশী শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ

আজ বিকেলে এথেন্সে বাংলাদেশ দূতাবাসে প্রবাসী বাংলাদেশী শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্থানীয় দোয়েল একাডেমীর ছাত্র-ছাত্রীরা গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের মোঃ জসীম উদ্দিনের কাছ থেকে নতুন বছরের বই গ্রহণ করে। দূতাবাসের হেড অফ চ্যাম্পরী সুজন দেবনাথের সঞ্চালনায় এই অনুষ্ঠানে স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকসহ দূতাবাসের কাউন্সেলর ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী এবং দূতাবাসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন তাঁর বক্তব্যে বলেন যে, বর্তমান সরকার মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ভিশন ২০২১,২০৪১ এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের জন্য শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে আসছে। শিক্ষাকে যুগোপযোগী ও কর্মমুখী করে তুলতে জাতীয় শিক্ষা নীতি ২০১০ প্রণীত হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রদূত প্রবাসে নতুন প্রজন্মের মধ্যে বাংলা শিক্ষার চর্চাকে ধরে রাখতে গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের আহ্বান জানান। এই প্রসঙ্গে তিনি স্থানীয় দোয়েল একাডেমীর ভূমিকার প্রশংসা করেন। তিনি প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদের অভিনন্দন জানিয়ে তাদের অভিভাবকদের ধন্যবাদ জানান। এই উপলক্ষ্যে আরও বক্তব্য রাখেন দোয়েল একাডেমীর অধ্যক্ষ মোঃ জাহিদুল হক, শিক্ষিকা মিজ মরিয়ম বেগম মিতু এবং কয়েকজন ছাত্র-ছাত্রী। উল্লেখ্য ইউরোপে একমাত্র এথেন্সেই প্রবাসী বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের মধ্যে আনুষ্ঠানিকভাবে নতুন বই বিতরণ করা হয়।


Sujan Debnath
First Secretary
Embassy of Bangladesh
Athens, Greece